

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-২
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-২

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৪০৫.০৭.১৩২.২৩ নথির বিষয়ঃ Repairing, maintenance & painting of Bleaching Powder warehouse.
নোটঃ ১ নোটের বিষয়ঃ Repairing, maintenance & painting of Bleaching Powder warehouse কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২০/৯/২৩ ১২:৩৯ পূর্বাহ্ন

সংযুক্তি ক্রঃ নং ০১ হতে ০৪ দয়া করে দেখা যেতে পারে। মডস জোন-২ এর আওতাধীন ঢাকা ওয়াটার ওয়ার্কসে প্রসেস কেমিক্যাল হিসেবে অ্যালুমিনিয়াম সালফেট, পলিমার, লিকুইড ক্লোরিন গ্যাস ও ব্লিচিং পাউডার ব্যবহার করা হচ্ছে। পানি পরিশোধন কাজে ব্যবহৃত ব্লিচিং পাউডার সংগ্রহ বিভাগ-২ এর মাধ্যমে অত্র বিভাগে সরবরাহ করা হচ্ছে। উক্ত ব্লিচিং পাউডার মজুদ রাখার জন্য অত্র প্লান্টে ১টি ব্লিচিং পাউডার বাল্ডিং/ওয়ারহাউজ রয়েছে। উক্ত ওয়ারহাউজ হতে প্রতিদিন ব্লিচিং পাউডার নিয়ে ব্লিচিং পাউডারের ট্যাংকে সল্যুশন তৈরি করে পানিতে ডোজিং করা হচ্ছে। ব্লিচিং পাউডারে ক্লোরিন থাকায় এর প্রভাবে ব্লিচিং পাউডার ওয়ারহাউজের দেয়ালের প্লাস্টার, পেইন্টিং ও দরজার সাটার নষ্ট হয়ে গিয়েছে। দরজার সাটার নষ্ট হয়ে যাওয়ায় ব্লিচিং পাউডার ওয়ারহাউজের মধ্যে খোলা অবস্থায় থাকে বিধায় যে কোন সময় মালামাল চুরি/হারিয়ে যাবার সম্ভাবনা রয়েছে। সেই কারণে ওয়ারহাউজের দরজায় কোলাপসিবল গেট ও ব্লিচিং পাউডার বৃষ্টির পানি থেকে নিরাপদে রাখার জন্য রোলিং সাটার স্থাপন করা প্রয়োজন। এছাড়া দেয়ালের প্লাস্টার নষ্ট হওয়ায় নতুন করে প্লাস্টারসহ পেইন্টিং করা প্রয়োজন। সেই আলোকে পিডরিউডি সিভিল রেন্ট শিডিউল, ২০২২ এর দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রঃ নং-৪ দ্রঃ)। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ৪,৯২,৩৫৮.৯২৬ (চার লক্ষ বিরানব্বই হাজার তিনশত আটান দশমিক নয় দুই ছয়) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম) খাত হতে বাজেটভুক্ত করা যেতে পারে। কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-৮৬, প্যাকেজ নং-ডব্লিউ১১ তে ধরা আছে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। দরের স্বপক্ষে পিডরিউডি সিভিল রেন্ট শিডিউল, ২০২২ এর দরের কপি।
- ৩। ব্লিচিং পাউডার ওয়ারহাউজ মেরামত রক্ষণাবেক্ষণ পেইন্টিং কাজের ক্যালকুলেশন শীট।
- ৪। ব্লিচিং পাউডার ওয়ারহাউজ মেরামত রক্ষণাবেক্ষণ পেইন্টিং কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২০/৯/২৩ ১২:৪০ পূর্বাহ্ন

চাঁদনীঘাট পানি শোধনাগারের ব্লিচিং পাউডার ওয়ারহাউজ মেরামত, রক্ষণাবেক্ষণ ও পেইন্টিং কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যে কাজটি পিপিআর ২০০৮ এর ৬৩(১)(ক) ধারায় সীমিত দরপত্র পদ্ধতি(এলটিএম ই-জিপি) তে করা যেতে পারে। যার দরপত্র ডকুমেন্ট ই-পিডরিউ২ এর আলোকে করা হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২০/৯/২৩ ১২:৪০ পূর্বাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে চাঁদনীঘাট পানি শোধনাগারের ব্লিচিং পাউডার ওয়ারহাউজ মেরামত, রক্ষণাবেক্ষণ ও পেইন্টিং কাজে উপস্থাপিত সর্বমোট টাঃ ৪,৯২,৩৫৮.৯২৬ (চার লক্ষ বিরানব্বই হাজার তিনশত আটান দশমিক নয় দুই ছয়) টাকা কাজের প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর ২০০৮ এর ৬৩(১)(ক) ধারায় সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম ই-জিপি) তে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাভুক্ত।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

২০/৯/২৩ ১০:৩৭ অপরাহ্ন
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২

২১/৯/২৩ ১১:৫৪ পূর্বাহ্ন
মোঃ ইলিয়াস হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-২

২১/৯/২৩ ২:৫১ অপরাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২

২৪/৯/২৩ ১০:১১ পূর্বাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

২৪/৯/২৩ ১০:১১ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৭/৯/২৩ ৬:০৫ অপরাহ্ন

অনুমোদিত

২৭/৯/২৩ ৬:০৫ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

২৮/৯/২৩ ১০:১২ পূর্বাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২

৫/১১/২৩ ১০:০৮ অপরাহ্ন
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা